জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন বিভাগ/শাখা কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম সমূহ গৃহীত হয়:

ক্র: নং	গৃহীত কার্যক্রম	বাস্তবায়নকারী বিভাগ/শাখা
০১.	ক. জাতীয় পতাকা উত্তোলন খ. ব্যাংক ভবন আলোকসজ্জা। গ. ব্যাংক চত্বর ব্যানার/ফেস্টুন/বেলুন দিয়ে সজ্জিতকরণ। ঘ. বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা জ্ঞাপন। ঙ. ৩০ তলা ভবনে লেজার শো। চ. মসজিদে মিলাদ মাহফিল। ছ. বেলুন ও পায়রা উড়িয়ে আনুষ্ঠানিক উদ্বোধন। জ. শিশু কিশোর ও সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে বিভিন্ন অনুষ্ঠানের ঝ. আয়োজন। ঞ. ব্যাংকিং হলে ডিজিটাল মঞ্চ স্থাপন। ট. অনুষ্ঠান স্থল সজ্জিতকরণ (চেয়ার,সাউন্ড সিস্টেম,অন্যান্য)। ঠ. শিশু কিশোরদের র‍্যালী (টি শার্ট, ক্যাপ, ফেস্টুন ,পতাকা)। ড. শিশু কিশোরদের চিত্রান্কন প্রতিযোগীতা (প্রয়োজনীয় সরঞ্জাম)। ঢ. কুইজ, কবিতা আবৃত্তি প্রতিযোগীতা। ণ. স্বল্প দৈর্ঘ্য নাটক প্রশর্শন। ত. জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক তৈরীকৃত থিম সং থ. প্রদর্শন। দ. শিশু কিশোর ও উপস্থিত সকলের কণ্ঠে সমবেত জাতীয় সংগীত। ধ. আনন্দভোজ, হালকা নাস্তা ও কফি আপ্যায়ন। ন. স্মরনিকা প্রকাশ (২৬ শে মার্চের আগে/পরে)। প. আলোচনা সভা (ক্ষণজন্মা বঙ্গবন্ধু ও বাঙ্গালীর স্বাধীনতা)। ফ. কর্মসূচীতে অংশগ্রহন নিশ্চিতকল্পে অফিস অর্ডার করা সহ বিভিন্ন পদক্ষেপ ব. গ্রহন। ভ. বঙ্গবন্ধু শীর্ষক প্রজন্মের ভাবনা স্মারক গ্রন্থ রচনা। পিতা বঙ্গবন্ধু ও শেখ রাসেল শীর্ষক গ্রন্হ।	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উদ্‌যাপন কমিটি বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
০২.	ক. বাংলাদেশ ব্যাংকের নোট বইয়ের কভার পেইজের সর্ববামে বাংলাদেশ ব্যাংকের লোগো এবং সর্বডানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর মুজিব শতবর্ষের লোগো সংযোজন করা হয়েছে। খ. একইভাবে বাংলাদেশ ব্যাংক পরিক্রমার কভার পৃষ্ঠার উপরের ডানে মুজিব শতবর্ষের করা হয়েছে। গ. বাংলাদেশ ব্যাংকের সকল বিজ্ঞাপনের সর্ববামে বাংলাদেশ ব্যাংকের লোগোর পাশাপাশি সর্বডানে মুজিব শতবর্ষ লোগো সংযোজনপূর্বক যথারীতি বিজ্ঞাপন প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ঘ. মুজিব বর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে অর্থমন্ত্রণালয় কর্তৃক যে সকল প্রকাশনা ও ভিডিও ক্লিপিং চাওয়া হয়েছে তা যথারীতি প্রেরণ করা হয়েছে। ঙ. 'মুজিব বর্ষ' (২০২০) কে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয়ে স্থানীয় সরকার পল্লি উপন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রমের অংশ হিসেবে ডিসিপিতে পরিস্কার পরিচ্ছন্ন কমিটি গঠনপূর্বক যথারীতি ব্যবস্থা নেয়া হয়েছে এবং তা চলমান রয়েছে।	ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন এন্ড পাবলিকেশন্স (ডিসিপি)

০৩.	ক. ’মুজিব বর্ষ’ (২০২০) কে সামনে রেখে ’পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর’ কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ ব্যাংকের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এছাড়া, ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীবৃন্দের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণ ও সহযোগিতার ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের সার্বিক পরিচ্ছন্ন কার্যক্রম অর্থবহ ও সাফল্যমন্ডিত করার লক্ষ্যে কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট-১ এর তত্ত্বাবধানে সংশ্লিষ্ট বিভাগসমূহের সমন্বয়ে একটি কেন্দ্রীয় মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। খ. মুজিব বর্ষ’ (২০২০) কে সামনে রেখে বাংলাদেশ ব্যাংকের কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যাংকের টয়লেট, বেসিন ইত্যাদি ব্যবহারে যত্নবান ও দায়িত্বশীল হওয়ার লক্ষ্যে বিভাগীয় মাসিক সভায় বিষয়টি আলোচনার নির্দেশনা রয়েছে।	কৃষি ঋণ বিভাগ
০৪.	ক. তথ্যচিত্র নির্মান : শিরোনাম- আকাশে বাতাসে উঠে রণি এই শিরোনামে একটি তথ্যচিত্র নির্মান করা হবে। বিষয়ঃ বঙ্গবন্ধুর জীবনে ঘটে যাওয়া স্বরণযোগ্য কিছু বিষয় নিয়ে একটি তথ্য চিত্র। খ চলচ্চিত্র/তথ্যচিত্র প্রদর্শন। গ. মুজিব শতবর্ষ উপলক্ষ্যে মার্চ মাসে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্নজীবনীর উপর বিশেষ বুক রিভিউ প্রোগ্রাম। ঘ. সাময়িক/ম্যাগাজিন এ বারকোড প্রযুক্তি ব্যবহার। ঙ. ই-লাইব্রেরি সিস্টেম-এ আইআর মডিউল উদ্বোধন।	গবেষণা বিভাগ বঙ্গবন্ধুও মুক্তিযুদ্ধ কর্নার
০৫.	ক. ১০০ টাকা মূল্যমান স্বর্ণ স্মরক মুদ্রা মুদ্রণ; খ. ১০০ টাকা মূল্যমান রৌপ্য স্মারক মুদ্রা মুদ্রণ; গ. ১০০ টাকা মূল্যমান স্মারক নোট মুদ্রণ; ও ঘ. ২০০ টাকা মূল্যমান প্রচলনযোগ্য স্মারক ব্যাংক নোট মুদ্রণ।	ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
০৬.	ক. বিবিটিএ’র একাডেমি ভবনের সামনের অংশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি ও মুজিববর্ষের লগো সম্বলিত ১টি ৩৩´×৮´ সাইজের ড্রপ ডাউন ব্যানার স্থাপন করা হয়েছে। খ. বিবিটিএ’র গ্রাউন্ড ফ্লোরে মুজিববর্ষের ১৭ মার্চকে সামনে রেখে ১টি ক্ষণ গণনা ডিসপ্লে প্রদর্শন করা হয়েছে। গ. বিবিটিএ’র গ্রাউন্ড ফ্লোরে শেখ মুজিবুর রহমানের বিভিন্ন বাণী সম্বলিত একটি ভিডিও প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছে। ঘ. মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে ৯ সদস্যের একটি “মুজিববর্ষ উদ্‌যাপন কমিটি” গঠন করা হয়েছে এবং উক্ত কমিটির সদস্যগণ হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-২ এর ২৩/০৩/২০২০ তারিখের সূত্র নং-এইচআরডি-২(বিএ) ৬১৫/২০২০-১৬৬৮ এর নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করাসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা।	বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি মিরপুর-২, ঢাকা।

০৭.	ক. জাতির জনকের জন্মশতবার্ষিকীর এই মাহেন্দ্রক্ষণে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটস্থিত আইন বিভাগের ওয়েবপেইজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আলেখ্যসহ নিম্নোক্ত বাণীটি প্রকাশ করার জন্য আইএসডিএসডি-কে অনুরোধ জানানো হয়েছে। " এই স্বাধীন দেশের মানুষ যখন পেট ভরে খেতে পাবে, পাবে মর্যাদাপূর্ণ জীবন; তখনই শুধু লাখো শহীদের আত্না তৃপ্তি পাবে।" -জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।	আইন বিভাগ
০৮.	ক. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে বিভাগের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে তফসিলি ব্যাংকসমূহের কেন্দ্রীয় গ্রাহক ও অভিযোগ ব্যবস্থাপনা সেল প্রধানদের সাথে ০৯/০৩/২০২০ তারিখ জাহাঙ্গীর আলম কনফারেন্স রুমে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। খ. সভায় মুজিববর্ষকে সামনে রেখে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহক স্বার্থ সংরক্ষণ, অভিযোগ নিরসন, সচেতনতা ও ব্যাংকিং সেবার মান বৃদ্ধিকল্পে নতুন রুপরেখা তৈরীর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট
০৯.	ক. মুজিববর্ষ(২০২০)-কে সামনে রেখে " পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের অংশ হিসেবে বিভাগে বছরব্যাপী পরিচ্ছন্নতা সচেতনতা কার্যক্রম গ্রহণ। খ. বিভাগীয় আলোচনা সভায় মুজিববর্ষ উপলক্ষ্যে বর্ষব্যাপী সেবা বৃদ্ধি বিশেষত পেনশনারদের পেনশন সেবা সহজীকরণের ব্যাপারে কার্যক্রম গ্রহণ।	এক্সপেন্ডিচার ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১
১০.	ক. বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট-এর দাপ্তরিক কাজে মুজিববর্ষ লগো ব্যবহার নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত রঙ, বর্ণবিন্যাস এবং আকৃতি মোতাবেক লগোর ব্যবহার নিশ্চিত করা হয়েছে; খ. ইতোমধ্যে বিএফআইইউ এর লগোর পাশাপাশি মুজিববর্ষ লগো (উভয় লগো মূল রংঙের সাথে সামঞ্জস্য রেখে) ব্যবহার করে লেটার হেড প্যাড এবং খাম (উইন্ড,বড়,মাঝারী ও ছোট) জরুরী ভিত্তিতে সরবরাহ করার জন্য বাংলাদেশ ব্যাংক মতিঝিল অফিস এবং এক্সপেন্ডিচার ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২কে অনুরোধ জানানো হয়েছে; গ. ইউনিটের পোস্টার, ব্যানার, ফেস্টুন, অফিসিয়াল প্যাড, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন ইত্যাদিতে লগো ব্যবহার শুরু করা হয়েছে; ঘ. আইএসডিএসডি ও আইসিটিআইএমএমডি-এর সহযোগিতায় প্রস্তুতকৃত বিএফআইইউ এর স্বতন্ত্র ওয়েবসাইটটি মুজিববর্ষের সূচনালগ্নে চালু করা হবে; ঙ. আসন্ন সকল কর্মসূচীতে মুজিববর্ষের লগো ব্যবহার নিশ্চিত করার জন্য ইউনিটের সকল কর্মকর্তাদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশ প্রদান করা হয়েছে; চ. ইউনিটের মাসিক সভায় বিষয়গুলো যথাযথ পরিপালনের জন্য গুরুত্বারোপ করা হয়।	বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

১১.	ক.	মুজিববর্ষকে সামনে রেখে “পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর” কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ ব্যাংকের কর্মপরিকল্পনা অনুযায়ী এ ডিপার্টমেন্ট কর্তৃক ডিপার্টমেন্টের সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম নিশ্চিতকরণ ও নিয়মিতভাবে মনিটরিং করার লক্ষ্যে ৩ সদস্যের প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি ডিপার্টমেন্টের মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক মহোদয়গনের সাথে আলোচনা করে ডিপার্টমেন্টের পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ এবং সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। মুজিববর্ষ উপলক্ষ্যে ডিপার্টমেন্টের পরিস্কার পরিচ্ছন্নতা এবং সৌন্দর্য বর্ধন কার্যক্রম সচল রাখার লক্ষ্যে মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সভায় সকল কর্মকর্তা/কর্মচারীদের করণীয় সম্পর্কে আলোচনা করা হয়।	ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন
১৩.	ক.	ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্ট এর বার্ষিক প্রকাশনা ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি রিপোর্ট-এর ২০১৯ সংখ্যার প্রচ্ছদে মুজিববর্ষের লোগো অন্তর্ভূক্তকরণ; এবং	ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্ট
	খ.	“Bangabandhu’s Macrofinancial Thoughts and Their Implications for Financial Stability of Bangladesh” শীর্ষক একটি Special Box Item মুজিববর্ষে প্রকাশিতব্য একটি Quarterly Financial Stability Assessment Report এ অন্তর্ভূক্তকরণ।	
১৪.	ক.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবাষিকীতে মুজিববর্ষ উদ্যাপন উপলক্ষ্যে এ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত বঙ্গবন্ধুর বর্ণাঢ্য ছাত্র জীবন, রাজনৈতিক এবং পারিবারিক জীবনের উপর একটি সংক্ষিপ্ত ভিডিও ক্লিপ প্রদর্শন এবং আলোচনা সভার আয়োজন করা হয়। এছাড়াও , মুজিবশতবর্ষ উপলক্ষ্যে বিভাগের কর্মকর্তাদের নিয়ে Knowledge Sharing Session এর আয়োজন করা হয়েছে। আগামী এক বছর ধরে বিভাগে এ ধরণের আলোচনা সভার আরও আয়োজন করা হবে মর্মে মহাব্যবস্থাপক মহোদয় আশাবাদ ব্যক্ত করেন।	বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগ
১৫.	ক.	ইন্টারনাল অডিট ডিপার্টমেন্ট কর্তৃক গত ০৪ মার্চ, ২০২০ তারিখে ডিপার্টমেন্টের কনফারেন্স রুমে এক আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনায় ডিপার্টমেন্টের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণ বঙ্গবন্ধুর আদর্শ, দেশপ্রেম, আত্ন উৎসর্গ, দেশ ও জাতির প্রতি তাঁর অবদান ইত্যাদি বিষয়ে স্মৃতিচারণ করা হয়। আলোচনা শেষে বঙ্গবন্ধু, তাঁর পরিবার ও সহযোদ্ধাদের মাগফিরাত কামনা করে দোয়ার অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।	ইন্টারনাল অডিট ডিপার্টমেন্ট (সাধারণ শাখা)
	খ.	উপরোক্ত অনুষ্ঠানের সংবাদ ও স্থিরচিত্রসমূহ (সফট কপি মেইলে প্রেরিত) বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা।	
১৬.	ক.	মুজিব বর্ষ উপলক্ষ্যে পরিচ্ছন্ন গ্রাম- পরিচ্ছন্ন শহর কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ ব্যাংকের কর্মপরিকল্পনা অনুযায়ী বিভাগে পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করা হয়েছে।	ফরেক্স রিজার্ভ এন্ড ট্রেজারী ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
	খ.	বিভাগীয় মাসিক সভায় দাপ্তরিক কাজের আলোচনার পাশাপাশি দেশ ও জাতি গঠনে বঙ্গাবন্ধুর বিভিন্ন প্রাসঙ্গিক অবদানের কথাও আলোচনা হচ্ছে।	